দৈনিক ইত্তেফাক

তারিখ 23 AUG 1980
পৃষ্ঠা 3 কলাম 4



## ৬ষ্ঠ শ্রেণী হইতে ইংরেজী অবশ্য পাঠ্য করার আহবান

শিক্ষাবিদ প্রফেসর আহমদ শরীফ গত রবিবার এক বিবৃতিতে প্রথম শ্রেণী হইতে ইংরেজী ভাষা বাধ্যতামুলক করার বিরোধিতা করিয়া সাক্ষরতা ও শিক্ষার দ্রুত প্রসার ঘটানোর সার্থে ষষ্ঠ শ্রেণী হইতে অবশ্য পাঠ্য করার সিদ্ধান্ত গ্রহণের জন্য সরকারের প্রতি আহ্বান জানাইয়াছেন। বিবৃতিতে তিনি বলেন, গাঁ-গঞ্জের শতকরা ৯৮ জন মা-বাবা নিরক্ষর এবং কদাচিত কেউ সাক্ষর মাত্র। তাঁহাদের সন্তানকে ইংরেজী শিক্ষা দেওয়া দুরূহ বলিয়া তাহারা ফেল করিয়া ইংরেজীর কারণেই স্কুল ছাড়িতে বাধ্য হইবে।